

8.0 নিরীক্ষিত প্রতিষ্ঠানের সংক্ষিপ্ত পরিচিতি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, উপজেলা প্রকৌশল অফিস, পৌরসভা ও পল্লী উন্নয়ন একাডেমীসহ সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানের উন্নয়ন কর্মকাণ্ডের নীতিমালা প্রনয়ণের দিক নির্দেশনা ও ব্যয় বরাদ্দ প্রদান করিয়া থাকে। নাগরিক সুবিধা বৃদ্ধি ও নাগরিক জীবনের উন্নতি সাধন যেমন রাস্তাঘাট, পুল কালভার্ট নির্মাণ, জন্ম-মৃত রেজিস্ট্রেশন, হোল্ডিং নম্বর প্রদান, ব্যবসা-বাণিজ্য ইত্যাদির লাইসেন্সসহ যে সকল কাজ স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ পরিচালনা করিয়া থাকে উহার নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ হিসেবে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কাজ করে। ইহা ব্যতিত পল্লী উন্নয়ন বিষয়ক বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কার্যক্রম এই মন্ত্রণালয়ের আওতাধীন পল্লী উন্নয়ন একাডেমীদ্বয় সম্পাদন করিয়া থাকে।